

# সকল দাবি না মানলে ক্লাসে ফিরবে না বুয়েট শিক্ষার্থীরা

## □ স্টাফ রিপোর্টার

প্রো-ভিসিকে প্রত্যাহার, শিক্ষক-শিক্ষার্থীদের বিরুদ্ধে সকল মামলা প্রত্যাহার, হল প্রশাসনসহ সকল প্রয়োজনীয় প্রশাসনিক রনবদলসহ সকল দাবি মানলে ক্লাসে ফেরার কথা জানিয়েছেন বুয়েটের আন্দোলনরত শিক্ষার্থীরা। তবে, কোনভাবেই এমু আগে ক্লাসে ফেরা নয় বলেও জানিয়েছেন তারা। বুয়েটের শিক্ষার্থীরা সম্মিলিতভাবে এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন বলেও জানানো হয়। আর এ জন্য তারা সরকার এবং শিক্ষামন্ত্রীকে সময় দিয়েছেন। তাদের আন্তরিকতার প্রতি শ্রদ্ধা রেখেই আর নতুন করে কোনো আন্দোলন কর্মসূচি প্রদান করা হচ্ছে না। তবে, আন্দোলনরত শিক্ষক-শিক্ষার্থীরা ভিসি'র অপসারণের দাবি থেকে সরে আসেননি বলেও জানিয়েছেন। গতকাল ঢকুরবার বিকেলে বুয়েট ক্যাম্পাসের কাউন্সিল ভবনের সামনে সংবাদ সম্মেলনে আন্দোলনরত শিক্ষার্থীদের পক্ষে মেকানিক্যাল

ইঞ্জিনিয়ারিং বিভাগের শেষ বর্ষের ছাত্র সুদীপ সাহা এ কথা জানান। এর আগে গত বুধবার বিকেলে বুয়েটের চলমান সংকট সমাধানে আন্দোলনকারী শিক্ষার্থীদের একটি প্রতিনিধি দলের সঙ্গে বৈঠক করেন শিক্ষামন্ত্রী মুহম্মদ ইসলাম নাহিদ। বৈঠকে শিক্ষামন্ত্রী বুয়েটের ঐতিহ্য, শিক্ষার পরিবেশ পুনরুদ্ধার ও রক্ষার জন্য সব ব্যবস্থা নেয়া হবে

**সরকার ও শিক্ষামন্ত্রীর প্রতি  
সম্মান জানাতেই নতুন কোন  
আন্দোলন কর্মসূচি দেয়া  
হচ্ছে না**

বলে শিক্ষার্থীদের আশ্বস্ত করেন। এ ছাড়া কাউকে শারীরিক ও একাডেমিকভাবে হয়রানি করা হবে না বলেও জানান তিনি। শিক্ষামন্ত্রীর এসব বক্তব্যে আশ্বস্ত হয়ে শিক্ষার্থীরা গতকাল এ সিদ্ধান্তে আসেন। এর আগে গত মঙ্গলবারই শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে বৈঠকের পর আন্দোলন স্থগিত করেছে বুয়েট শিক্ষক সমিতি। লিখিত বক্তব্যে সুদীপ সাহা বলেন, বুয়েটের ঐতিহ্য ও শিক্ষার পরিবেশ পুনরুদ্ধার এবং রক্ষার জন্য যা যা ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন তার

৭১২ কঃ ১২

## সকল দাবি না মানলে ক্লাসে

প্রথম পৃষ্ঠার পর সবকিছুই করা হবে বলে শিক্ষামন্ত্রী প্রত্যাহার সিদ্ধান্তে নিয়েছেন। আন্দোলনকারী কোনো শিক্ষার্থীর কোনো প্রকার একাডেমিক অবিচার, শারীরিক হান্ধালা বা প্রশাসনিক হয়রানির শিকার হলে তাত্ক্ষণিক ব্যবস্থাপূর্বক সেটির সমাধান করা হবে বলে মন্ত্রী নিশ্চিত করেছেন। এছাড়া শিক্ষামন্ত্রী নিশ্চিত করেছেন, শিক্ষকদের সঙ্গে আলোচনায় যে প্রকাশ হয়েছে, সেগুলো বাস্তবায়ন করার প্রতিশ্রুতি তরু করেছেন। একই সঙ্গে শিক্ষার্থীরা বিশ্বাস করে শিক্ষামন্ত্রী সম্পূর্ণ আন্তরিকতার সঙ্গে তার প্রতিশ্রুতি বাস্তবায়ন করবেন।

শিক্ষার্থীদের দাবি বিষয়ে এই আন্দোলনকারী শিক্ষার্থী প্রতিনিধি বলেন, ভিসি'র পদত্যাগ/অপসারণের বিষয়ে শিক্ষার্থীদের দাবিটি অত্যন্ত স্পষ্ট। বুয়েটের শিক্ষার্থীরা ক্ষুণ্ণবীরন করে বলতে চায় যে, বর্তমান ভিসি গাজা অবস্থায় বুয়েটের ঐতিহ্য ফিরিয়ে আনা কানোভাবেই সম্ভব নয় এবং বুয়েটের একাডেমিক কার্যক্রম তথা সার্বিকভাবে বুয়েট কোনোরকমেই নিরাপদ নয়। তিনি বলেন, আমরা বিশ্বাস করি, চলমান প্রক্রিয়ার অংশ হিসেবে শিক্ষামন্ত্রী দ্রুততম সময়ের মধ্যে বর্তমান ভিসি'র ব্যাপারে ব্যবস্থা নিশ্চিত করে সকলের প্রশংসার দাবি পূরণ করবেন।

সুদীপ বলেন, শিক্ষার্থীদের বিজয় হয়েছে, নেতৃত্বের জয় হয়েছে। এই বিজয়ের জন্যই তারা অপেক্ষার ছিলেন। দাবি বাস্তবায়িত হতে সময় লাগলে ক্লাসে ফিরে যেতেও সময় নেবেন কি না সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে সুদীপ বলেন, এই মুহুর্তে দাবি বাস্তবায়ন হলে আমরা এখনই ক্লাসে ফিরে যাব।

অন্য সংবাদ সংকলনের পরে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম সাংবাদিকদের বলেন, ছাত্রদের সশয়ে কেটে গেছে। কাজ করার পরিবেশ সৃষ্টি হয়েছে। তবে ভিসি'র প্রতি সকলের অনাস্থা রয়েছে। শনিবারের মধ্যে প্রো-ভিসি অপসারণ, মামলা প্রত্যাহার, প্রশাসনিক রনবদল হলেই ক্লাসে ঢকুর প্রতিশ্রুতি তরু হবে বলে আশা প্রকাশ করেন এই শিক্ষক নেতা। তিনি বলেন, ভিসি'র অপসারণে মন্ত্রীর আশ্বাস নিয়ে আগামী সপ্তাহের মধ্যে হয়তো ক্লাসে ফিরে যেতে পারব। ভিসিকে প্রত্যাহার করা না হলে আবারও আন্দোলনে যাবেন কি না এমন প্রশ্নের জবাবে আশরাফুল ইসলাম বলেন, শিক্ষামন্ত্রী আমাদের কাছে সময় চেয়েছেন। আমরা তাকে যৌক্তিক সময় দেব।

এরপরও শিক্ষার্থীরা দাবিতে অনড় থাকলে বুধবার শিক্ষা মন্ত্রণালয়ে তাদের সঙ্গে বসেন শিক্ষামন্ত্রী। এ সময় তিনি আশ্বাস দেন, আন্দোলনকারীরা যাতে কোনো ধরনের হয়রানির শিকার না হন তা তিনি দেখবেন। অন্যদিকে শিক্ষার্থীরা বলেন, মন্ত্রীর সঙ্গে বৈঠকে তারাও আশ্বস্ত। তবে সিদ্ধান্ত জানাতে তাদের সময় শরোজান। শিক্ষামন্ত্রীর এসব আশ্বাসে, শিক্ষার্থীরা গতকাল ক্লাসে ফিরে যাওয়ার সিদ্ধান্তে আসেন।

উল্লেখ্য, অনিয়মের অভিযোগ তুলে ভিসি এস এম নজরুল ইসলাম ও প্রো-ভিসি হাবিবুর রহমানের অপসারণ দাবিতে গত এপ্রিল থেকে আন্দোলন করে আসছিলেন বুয়েট শিক্ষকরা। পরে শিক্ষার্থীরাও সেই আন্দোলনে একাত্মতা ঘোষণা করেন। শিক্ষক-শিক্ষার্থীদের আন্দোলনের মুখে বুয়েটে এবার ইদের ছুটি ঘোষণা করা হয় আগেজাগে। এরপর গত ২৫ আগস্ট বুয়েট ক্লাসেও আন্দোলনের কারণে ক্লাস-পরীক্ষা বন্ধ থাকে।

শিক্ষার্থীদের সর্বোদম সন্তোষে অন্যদের মধ্যে অজীক গ্রাফ, খেরিনা জাহান, ফাহিম জাহান্জির উপস্থিত ছিলেন। এর আগে গত ৩ সেপ্টেম্বর মধ্যরাত্রে শিক্ষামন্ত্রী মুহম্মদ ইসলাম নাহিদ তার বাড়িতে বুয়েটের শিক্ষক নেতাদের সঙ্গে বৈঠক করে তাদের শিক্ষক কার্যক্রমে ফেরাতে রাজি করান। বৈঠক শেষে শিক্ষামন্ত্রী সাংবাদিকদের বলেন, প্রো-ভিসিকে প্রত্যাহার করা হবে। আন্দোলনকারী শিক্ষক-জ্ঞানের বিরুদ্ধে বুয়েট কর্তৃপক্ষের দায়ের করা মামলাও তুলে নেয়া হবে। মন্ত্রীর আশ্বাসের পরদিনই মামলা তুলে নেয়ার জন্য গানার আবেদন করে বুয়েট কর্তৃপক্ষ। শিক্ষকরাও জানান, তারা ক্লাসে ফেরার নীতিমত সিদ্ধান্ত নিয়েছেন। তবে